

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
থানা সেন্টার প্ল্যানিং-২  
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৬৮

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৪

১৯ নভেম্বর ২০১৭

বিষয়: “বাংলাদেশের ১৩ টি নদী বন্দরে ১ম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগার শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার জালকুড়ি মৌজায় একটি আবহাওয়া পর্যবেক্ষণাগার ও ডরমিটররী ভবন নির্মাণার্থে ১.৫০ একর ভূমি অধিগ্রহণে অনাপত্তি প্রদান প্রসঙ্গ

সূত্র: ১। তাহার দপ্তরের স্মারক নং- ২৩.০৯.০০০০.০৯০.১৮.০১৪.১৫.৮৭০৫; তারিখ ০৮/১০/২০১৭ খ্রিঃ।

২। অত্র দপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.২৬.১৬-২১০৭; তারিখঃ ২৯/০৯/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, “বাংলাদেশের ১৩ টি নদী বন্দরে ১ম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগার শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার জালকুড়ি মৌজায় আর. এস. দাগ নং- ৩২৫২, ৩২৫৩, ৩২৫৪, ৩২৫৫ ও ৩২১৩ এ একটি আবহাওয়া পর্যবেক্ষণাগার ও ডরমিটররী ভবন নির্মাণার্থে ১.৫০ একর ভূমি অধিগ্রহণে অনাপত্তি পত্র চেয়ে আবেদন করা হয়। RAJUK এর Detailed Area Plan (DAP) পর্যালোচনায় (Group-B, Sheet No. L06) দেখা যায় যে, প্রস্তাবিত জায়গাটির ভূমি ব্যবহার Urban Residential Zone হিসেবে চিহ্নিত রয়েছে (সংযুক্তি-প্রস্তাবিত জমির নকশা)। RAJUK এর DAP Report এ আবহাওয়া পর্যবেক্ষণাগার (প্রশাসনিক) Restricted Use হিসেবে বর্ণিত রয়েছে।


বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের প্রস্তাবিত জমির আর. এস. দাগ সূচি অনুযায়ী দাগ নং- ৩২৫৩, ৩২৫৪, ৩২৫৫ ও ৩২১৩ এ নাল জমি এবং দাগ নং- ৩২৫২ পুকুর হিসেবে জমির শ্রেণি চিহ্নিত রয়েছে। তাছাড়া প্রস্তাবিত জায়গায় সরেজমিনে পরিদর্শনে দেখা যায়, প্রস্তাবিত জমির দাগ নং- ৩২৫২ এ প্রায় ০.৯৪২৫ একর জমিতে পুকুর রয়েছে। এমতাবস্থায় প্রস্তাবিত জমির আর. এস. দাগ নং-৩২৫২ এ ০.৯৪২৫ একর জমিতে পুকুর থাকায়, “মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০” অনুসরণ করতে হবে।

পারিপার্শ্বিক পানির স্বাভাবিক গতি ও প্রকৃতি পরিবর্তন না করা সাপেক্ষে শুধুমাত্র আর. এস. দাগ নং- ৩২৫৩ এ ০.১২০০ একর, ৩২৫৪ এ ০.০৪০০ একর, ৩২৫৫ এ ০.০২২৫ একর এবং ৩২১৩ এ ০.৩৭৫০ একর সহ সর্বমোট ০.৫৫৭৫ একর জমির যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শ্রেণি পরিবর্তন পূর্বক সরকারি প্রয়োজন ও জনস্বার্থে অনাপত্তি পত্র প্রদান করা হলো।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

তাছাড়া, সূত্রস্থ ২ নং স্মারকে ইতোপূর্বে অত্র দপ্তর হতে প্রদত্ত অনাপত্তি পত্রটি বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে।



১৯-১১-২০১৭

উদয় শংকর দাস


সিনিয়র প্ল্যানার

পরিচালক

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ


- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর [পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ]
- ৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর (হার্ড কপি প্রেরণ ও সংশ্লিষ্ট হার্ড ফাইলে সংরক্ষণের অনুরোধসহ)।



১৯-১১-২০১৭

মো. তানভীর হাসান রেজাউল  
প্ল্যানার

**Proposed Land in Detailed Area Plan (DAP), RAJUK  
Dhaka  
Group:B, Sheet No:L-06**



Legend:

 Urban Residential Zone